



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.৮১০০.০১৭.২৭.০০.০০২.২১ ৭৬২

তারিখ- ০৭ আশ্বিন ১৪২৮
২২ সেপ্টেম্বর ২০২১

বিষয়ঃ রাজশাহী জেলার পুঠিয়া থানাধীন জিউপাড়া ইউনিয়নের চেয়ারম্যান জনাব হোসেনারা বেগম এবং ৭,৮,৩ ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা ইউপি সদস্য হেলেনা বেগম এর বিরুদ্ধে একটি গোপনীয় প্রতিবেদন প্রসংগে।

সূত্রঃ জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক অধিশাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং ৬৪৬, তারিখ: ২৩/০৮/২০২১খ্রি;

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার পুঠিয়া থানাধীন জিউপাড়া ইউনিয়নের চেয়ারম্যান জনাব হোসেনারা বেগম এবং ৭,৮,৩ ৯ সংরক্ষিত মহিলা ইউপি সদস্য হেলেনা বেগম এর বিরুদ্ধে একটি গোপনীয় প্রতিবেদন জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক অধিশাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব বরাবর প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)। উক্ত পত্রে জানুয়ারী-২০২১ হতে ডিসেম্বর-২০২২ পর্যন্ত ২৪ মাসের ভিজিডি কর্মসূচিতে অস্বচ্ছল মহিলাদের পরিবর্তে অর্থের বিনিময়ে স্বচ্ছল মহিলাদের অর্ন্তভুক্তি করেছেন মর্মে উল্লেখ করেছেন।

এমতাবস্থায়, রাজশাহী জেলার পুঠিয়া থানাধীন জিউপাড়া ইউনিয়নের চেয়ারম্যান জনাব হোসেনারা বেগম এবং ৭,৮,৩ ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা ইউপি সদস্য হেলেনা বেগম এর বিরুদ্ধে জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক অধিশাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর গোপনীয় প্রতিবেদনটি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো: আবুজাফর রিপন পিএএ)

উপসচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ই-মেইল-up1lgd@gmail.com

জেলা প্রশাসক,
রাজশাহী।

অনুলিপিঃসদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. অতিরিক্ত সচিব (ইউপি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।

গোপনীয়
অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক অধিশাখা-২
www.mhapsd.gov.bd



স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৫.১৬.০০৫ (২).২০২০.১৬৪৬

তারিখ ০৮ ভাদ্র ১৪২৮
২৩ আগস্ট ২০২১

বিষয় : রাজশাহী জেলার পুঠিয়া থানাধীন জিউপাড়া ইউনিয়নের চেয়ারম্যান এবং সংরক্ষিত মহিলা ইউপি সদস্য কর্তৃক জানুয়ারি-২০২১ হতে ডিসেম্বর-২০২২ পর্যন্ত ২৪ মাসের ভিজিডি কর্মসূচিতে অস্বচ্ছল মহিলাদের পরিবর্তে অর্থের বিনিময়ে স্বচ্ছল মহিলাদের অন্তর্ভুক্তি সংক্রান্তে বিশেষ প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে প্রাপ্ত গোপনীয় গোয়েন্দা প্রতিবেদনে উল্লিখিত সুপারিশের সংশ্লিষ্টতা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনের ০১ (এক) প্রস্থ ছায়ািলিপি এ সাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
- ২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।

(জুবাইদা মিলান)
উপসচিব

ফোন : ৯৫৭৪৫২৩

ইমেইল: pol2@mhapsd.gov.bd

স্থানীয় সরকার বিভাগ	
সিনিয়র সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৩) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিচালনা)	৪) পানি সরবরাহ (পাস)
	৫) উপজেলা অধিশাখা
	৬) ইউপি অধিশাখা
	৭) অডিট অধিশাখা
	৮) আইন অধিশাখা
ডায়েরি নম্বর:	
তারিখ: ২৩/৮/২১	স্বাক্ষর

অইয়া নং ২০৬ তারিখ ৩১/৮/২১
প্রয়োজনীয় কার্যক্রম/অন্যভাবে প্রেরিত হইল
ইপ..... ১/২ শাখা
প্রশাসন-১/২ শাখা
অতিরিক্ত সচিব (ইপ)
স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ, ঢাকা
রাজনৈতিক শাখা।

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৮৫.৪০.০০০.২১- ৪৭৫ /রাজ তারিখ : ৪ -০৮-২০২১ খ্রি.।

প্রতি


সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃঃ আঃ উপ-সচিব, রাজনৈতিক শাখা-১)।

বিষয়ঃ রাজশাহী জেলার পুঠিয়া থানাধীন জিউপাড়া ইউনিয়নের চেয়ারম্যান এবং সংরক্ষিত মহিলা ইউপি সদস্য কর্তৃক জানুয়ারী/২০২১ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত ২৪ মাসের ভিজিডি কর্মসূচিতে অস্বচ্ছল মহিলাদের পরিবর্তে অর্থের বিনিময়ে স্বচ্ছল মহিলাদের অন্তর্ভুক্তি সংক্রান্তে গোপনীয় প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে রাজশাহী জেলার পুঠিয়া থানাধীন জিউপাড়া ইউনিয়নের চেয়ারম্যান এবং সংরক্ষিত মহিলা ইউপি সদস্য কর্তৃক ভিজিডি কর্মসূচীতে অনিয়ম সংক্রান্তে গোপনীয় প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০২ পাতা।


বিশেষ পুলিশ সুপার (রাজনৈতিক)
পক্ষে-এডিশনাল আইজি, স্পেশাল ব্রাঞ্চ
বাংলাদেশ পুলিশ, ঢাকা।
ই-মেইলঃ sspolsb@police.gov.bd

বিষয় : রাজশাহী জেলার পুঠিয়াতে ইউপি চেয়ারম্যান এবং সংরক্ষিত মহিলা ইউপি সদস্য কর্তৃক ভিজিডি কর্মসূচিতে অনিয়ম ও দুর্নীতি সংক্রান্তে বিশেষ প্রতিবেদন।

ক। ভূমিকা :

রাজশাহী জেলার পুঠিয়া থানাধীন জিউপাড়া ইউনিয়নের চেয়ারম্যান হোসেনয়ারা বেগম এবং ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা ইউপি সদস্য হেলেনা বেগম গত জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত ২৪ মাসের ভিজিডি কর্মসূচিতে উপকার ভোগী অস্বচ্ছল মহিলাদের পরিবর্তে অনৈতিক সুবিধা লাভের বিনিময়ে স্বচ্ছল মহিলাদের অন্তর্ভুক্তি করে বলে জানা যায়। তালিকায় স্বচ্ছল মহিলাদের অন্তর্ভুক্তি করে সুবিধা প্রদান করায় এলাকায় বঞ্চিত অস্বচ্ছল মহিলাসহ জনসাধারণের মধ্যে ক্ষোভ ও অসন্তুষ্টি লক্ষ্য করা যাচ্ছে।

খ। অস্বচ্ছল মহিলায় পরিবর্তে যে সকল স্বচ্ছল মহিলায় নাম অন্তর্ভুক্ত করা হয়েছে তাদের সম্পর্কে তথ্যঃ

- ১। সুবিধাভোগী তালিকায় ক্রমিক নং-৬৫ শ্রীমতি সারতি রানী (৪৫) স্বামী- শ্রী অজিত, সাং-মধুখালী বটতলা, তিনি নিজ জমিতে কৃষি কাজ করেন। ৮ শতক জমির উপর ৪ রুমের একটি টিনের বাড়ী আছে। মধুখালী মৌজায় নিজের ৫ বিঘা জমি আছে। এছাড়া জুন/২০২১ মাসে মধুখালী মৌজায় আকাস আলীর নিকট হতে ৭ লক্ষ টাকা দিয়ে ১৫ কাঠা ফসলি জমি ক্রয় করেছেন। তিনি আর্থিকভাবে স্বচ্ছল।
- ২। সুবিধাভোগী তালিকায় ক্রমিক নং-৭১ মোসাঃ দুলাজান বেগম (৩৫) স্বামী- মোঃ আফাজ উদ্দিন, সাং-মধুখালী। তার স্বামী নিজের জমিতে কৃষি কাজ করেন। ১৪ শতক জমির উপর টিনের বাড়ি আছে। তাদের ৩ সন্তান সকলের লেখাপড়া করে। এছাড়া মধুখালী মৌজায় নিজের ৩/৪ বিঘা ফসলি জমি রয়েছে।
- ৩। সুবিধাভোগী তালিকায় ক্রমিক নং-৭৬ মোসাঃ ছাহারা বেগম (৫০) স্বামী-মোঃ আব্দুল্লাহ মোল্লা, গ্রাম-মধুখালী, থানা-পুঠিয়া। তার স্বামী অন্যের জমি লীজ নিয়ে কৃষি কাজ করেন। ৮ শতক জমির উপর টিনের বাড়ি আছে। তার ছেলে নিজের ওয়াকর্সপে গ্রীলের কাজ করে এবং একটি ট্রলি আছে।
- ৪। সুবিধাভোগী তালিকায় ক্রমিক নং-২১৭ মোসাঃ নাজমা বেগম (৩৫) স্বামী- মিনারুল ইসলাম, সাং-পশ্চিম জিউপাড়া, থানা-পুঠিয়া। তার স্বামী মিনারুল ইসলামের একটি নসিমন গাড়ী আছে, যা তিনি নিজেই চালায়। ১২ কাঠা জমির উপর টিনের ৩ রুমের একটি বাড়ি আছে। নিজস্ব ৩ কাঠা ফসলি জমিসহ দেড় বিঘা অন্যের ফসলী জমি নিয়ে চাষাবাদ করেন।
- ৫। সুবিধাভোগী তালিকায় ক্রমিক নং-২৫৪ মোসাঃ আরিফা বেগম (৩২) স্বামী- মোঃ আলমগীর, সাং-জিউপাড়া, থানা-পুঠিয়া। তার স্বামী মোঃ আলমগীর সুপারির ব্যবসা করেন। ৯ শতক জমির উপর টিনের বাড়ি আছে। অন্যের ৩টি আম বাগান লীজ নিয়ে আমের ব্যবসা করেছেন।
- ৬। সুবিধাভোগী তালিকায় ক্রমিক নং-২৫৪ মোসাঃ রুমা বেগম (৫৫) স্বামী-মোঃ এনামুল মোল্লা, সাং-পূর্ব কানাইপাড়া, থানা-পুঠিয়া। তার স্বামী আমের ব্যবসাসহ কৃষি কাজ করেন। ১২ কাঠা জমির উপর টিনের বাড়ি আছে। ছেলে উজ্জল সিংগাপুরে ছিলেন গত ৬ মাস পূর্বে বাড়িতে এসে ব্যবসা করছেন।

গোপনীয়

- ৭। সুবিধাভোগী তালিকায় ক্রমিক নং-২৭২ মোসাঃ মরিয়ম বেগম (৫৫) স্বামী-আতাহার আলী @ মশা, সাং-পূর্ব কানাইপাড়া, থানা-পঠিয়া। তার ছোট-খাটো ব্যবসাসহ মাঠে দিন মজুরের কাজ করে। ১৪ শতক জমির উপর পাকা বাড়ী আছে। তার ৩ ছেলে মিস্ত্রির কাজ করে। স্বামী অন্যের ৩/৪ বিঘা ফসলী জমি লীজ নিয়ে কৃষি কাজ করে।
- ৮। সুবিধাভোগী তালিকায় ক্রমিক নং-২৭৭ অর্পনা রানী (৩২) স্বামী- শ্রী সনজিত কুমার সরকার, সাং-হলহলিয়া (হিন্দুপাড়া), থানা-পঠিয়া। তার স্বামী বলমলিয়া বাজারে দোকান ভাড়া নিয়ে দর্জির কাজ করেন। আনন্দ কুমারের নিকট হতে প্রায় ৩/৪ মাস পূর্বে পার্শ্ববর্তী মরাবিল মাঠে ৮ লক্ষ টাকায় ১ বিঘা ফসলী জমি ক্রয় করেছেন। ২শতক জমির উপর টিনের বাড়ি আছে।

পর্যালোচনায় দেখা যায়, উপরোক্ত মহিলাগণ সকলেই মোটামুটিভাবে স্বচ্ছল হওয়া সত্ত্বেও তাদেরকে সুবিধাভোগী তালিকায় ভিজিডি কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে, যা মোটেই কাম্য নয়।

গ। পর্যবেক্ষণ :

মাননীয় প্রধানমন্ত্রী ভিজিডি কর্মসূচির মাধ্যমে দেশে অস্বচ্ছল মহিলাদের স্বচ্ছল করার লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধিদেরকে নির্দেশনা প্রদান করেছেন। কিন্তু রাজশাহী জেলার পুঠিয়া উপজেলার জিউপাড়া ইউনিয়নের চেয়ারম্যান ও সংরক্ষিত মহিলা সদস্য নির্দেশনা উপেক্ষা করে অস্বচ্ছল মহিলার তালিকায় সুবিধা লাভের বিনিময়ে স্বচ্ছল মহিলাদের অন্তর্ভুক্তি করে তাদের সুবিধা প্রদান করায় এলাকার অস্বচ্ছল মহিলাসহ জনসাধারণের মধ্যে ক্ষোভ ও অসন্তুষ্টি সৃষ্টি হয়েছে। জনপ্রতিনিধি কর্তৃক এ ধরনের নিয়মবহির্ভূত কর্মকাণ্ডের কারণে সরকারের জনপ্রিয়তা ও ভাবমূর্তি ক্ষুণ্ণ হতে পারে। বিধায় দেশব্যাপী ভিজিডি কর্মসূচিতে স্বচ্ছতা আনয়ন করার প্রয়োজন রয়েছে।

ঘ। সুপারিশ :

- ১। বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা যেতে পারে।
- ২। ভিজিডি কর্মসূচিতে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধিদেরকে কঠোর নির্দেশ প্রদান করা প্রয়োজন।

